

৫ দফা দাবিতে ইবিতে ছাত্রদলের ধর্মঘট

ইন্দ্রাণী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শ্রেয়তরকৃত নেতাকর্মীদের মুক্তিসহ ৫ দফা দাবিতে আগামী ১৮ ও ১৯ ফেব্রুয়ারি সর্বাত্মক ধর্মঘটের ডাক দিয়েছে ইবি শাখা ছাত্রদল। শনিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্পারে আয়োজিত সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ছাত্র ধর্মঘটের ডাক দেয়া হয়। সংবাদ সম্মেলনে দিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রদলের ইবি শাখা সভাপতি ওমর ফারুক। জানা গেছে, অটক ছাত্রদলের সাধারণ সম্পাদক রাসেল ইসলাম রাশেদসহ অটক নেতাকর্মীদের মুক্তি, দায়েরকৃত মামলা প্রত্যাহার এবং ক্যাম্পাসে ছাত্রবণ্টনওদের সহাবস্থান নিশ্চিতকরণ-ও বিশ্ববিদ্যালয়ের শিকার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে আগামী ১৮, ১৯ ফেব্রুয়ারি থেকে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে ইবি শাখা ছাত্রদল। শনিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্পারে আয়োজিত সংবাদ সম্মেলনের মাধ্যমে ধর্মঘটের ডাক দেয় তারা। সংবাদ সম্মেলনে দিখিত বক্তব্য পাঠ করেন ইবি ছাত্রদলের সভাপতি ওমর ফারুক। সংবাদ সম্মেলনে ছাত্রদল সভাপতি ওমর ফারুক বলেন- আইনশৃংখলা বাহিনী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতাকর্মীদের বাড়িতে বাড়িতে অভিযান চালাচ্ছে। নেতাকর্মীদের বাড়িতে না গেলে তাদের বাবা-মামসহ পরিবারের সদস্যদের ওপর নির্যাতন চালাচ্ছে। এমনকি একাধিক নেতাকর্মীর বাড়িতে অভিযানের নামে পুলিশ জাফর ও লুটপাট চালিয়েছে। এছাড়া গত কয়েকদিন ধরে ছাত্রদল নেতাকর্মীরা ক্যাম্পাসে ক্লাস-পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছে না। একাধিক নেতাকর্মীকে ক্লাস ও পরীক্ষায় হল থেকে বের করে নিয়ে ছাত্রদলের ক্যাডাররা শিটেরে আঁহত করেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষপাতবৃদ্ধক আচরণ ও নির্যাতন আমরা বিক্ষিত হয়েছি। সংবাদ সম্মেলনে তিনি আরও বলেন, ক্যাম্পাসে শিকার সৃষ্ট পরিবেশ নিশ্চিতকরণের জন্য প্রশাসনের কাছে ব্যরবার আবেদন জানানো সত্ত্বেও তারা শিকারীদের নিরাপত্তা দিতে সম্পূর্ণভাবে ব্যর্থ হওয়ায় আগামী ১৮ ও ১৯ ফেব্রুয়ারি থেকে শান্তিপূর্ণভাবে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালনের আহ্বান জানানো হয়। এ সময় উপস্থিত ছিলেন ছাত্রদলের সহ-সভাপতি মোহাম্মদ, অনিছুস জামান, সাংগঠনিক সম্পাদক আবুল বায়েত, দফতর সম্পাদক শাহেদ আহমেদ, রিপন প্রমুখ।